



নং-০৫.৪৭.৪৯০০.০০৫.০৯.০০৪.২২-৬৬৪

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০  
০১ অক্টোবর ২০১০

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা কুড়িগ্রাম জেলাধীন সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ডিজিটাল আর্মস ম্যানেজমেন্ট সিস্টেম (DAMS) এ ডাটা এন্ট্রি কার্যক্রম ০১ অক্টোবর ২০১০ খ্রি. তারিখ হতে ১৫ অক্টোবর ২০১০ খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। উক্ত ডাটা এন্ট্রি সফলভাবে সম্পন্ন করতে সকল লাইসেন্সধারীকে তার লাইসেন্সের ফটোকপি, ১টি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং মোবাইল নম্বর ও লাইসেন্সধারীর স্বাক্ষরসহ নির্ধারিত ফরম পূরণপূর্বক আগামী ১০/১০/২০১০ খ্রি. তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামের জুডিশিয়াল মুন্সিখানা শাখায় জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। (অস্ত্র থানায় জমা থাকলে জিডির সত্যায়িত/মূল কপিসহ)।

২। উল্লিখিত সময়ের মধ্যে আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণ তথ্য জমা দিতে ব্যর্থ হলে আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীর তথ্য ডিজিটাল আর্মস ম্যানেজমেন্ট সিস্টেম (DAMS) এ আপলোড করা সম্ভব হবে না এবং পরবর্তীতে লাইসেন্স নবায়নের ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হবে।

  
(মোহাম্মদ সাইদুল আরীফ)

জেলা ম্যাজিস্ট্রেট  
কুড়িগ্রাম

ফোন : ০২৫৮৯৯-৫০০২২


ই-মেইল : dckurigram@mopa.gov.bd

নং-০৫.৪৭.৪৯০০.০০৫.০৯.০০৪.২২-৬৬৪

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০  
০১ অক্টোবর ২০১০

বিতরণ : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৩। জেলা ম্যাজিস্ট্রেট.....(সকল)।
- ৪। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, কুড়িগ্রাম।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
- ৬। মেয়র, কুড়িগ্রাম/নাপেশ্বরী/উলিপুর, কুড়িগ্রাম।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার....., কুড়িগ্রাম।
- ৮। নেজারত ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।
- ৯। সহকারী কমিশনার (ভূমি).....(সকল), কুড়িগ্রাম।
- ১০। সহকারী কমিশনার, জুডিশিয়াল মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
- ১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। গণবিজ্ঞপ্তি জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১২। জনাব.....কুড়িগ্রাম।
- ১৩। উপপরিচালক, জেলা তথ্য অফিস, কুড়িগ্রাম। বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। অফিসার ইন চার্জ.....(সকল) থানা, কুড়িগ্রাম।
- ১৫। জনাব....., কুড়িগ্রাম। (নির্ধারিত ফর্মে প্রয়োজনীয় তথ্যাদি পূরণপূর্বক অত্র কার্যালয়ের জুডিশিয়াল মুন্সিখানা শাখায় জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ১৬। ব্যবস্থাপক....., ব্যাংক লিঃ, কুড়িগ্রাম।
- ১৭। চেয়ারম্যান.....(সকল) ইউনিয়ন পরিষদ, কুড়িগ্রাম। বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

  
জেলা ম্যাজিস্ট্রেট  
কুড়িগ্রাম।